গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(এনজিও বিষয়ক সেল)
www.dinajpur.gov.bd

**দিনাজপুর জেলায় এনজিও কর্মতৎপরতা সম্পর্কে ডিসেম্বর /২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্য বিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি: | খালেদ মোহাম্মদ জাকী<br>জেলা প্রশাসক, দিনাজপুর |
| স্থান: | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| তারিখ: | ২১ ডিসেম্বর ২০২১ |
| সময় : | সকাল ৩-০০ ঘটিকা |
| আলোচ্য মাস : | নভেম্বর ২০২১ |

(সভায় উপস্থিতি পরিশিষ্ট-''ক''তে এবং অনুপস্থিতি-''খ''তে দেখানো হলো)

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শোনান। অত:পর কোনরুপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার, এনজিও শাখা সভায় জানান যে, দিনাজপুর জেলায় কর্মরত ৭০টি এনজিওর মধ্যে ৫০ টি এনজিও ছক মোতাবেক নভেম্বর/ ২০২১ মাসের কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন দাখিল করেছেন। বাকী ২০ টি সংস্থার প্রতিবেদন পাওয়া যায়নি। লক্ষ্য করা যায় যে, মাসিক এনজিও সভায় প্রায়শঃই অধিকাংশ সংস্থার কর্মকর্তাগণ অনুপস্থিত থাকেন এবং সংস্থা প্রধানের পরিবর্তে অধস্তনগণ প্রতিনিধিত্ব করে থাকেন। এছাড়া, প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ছক মোতাবেক তথ্য ওয়েবসাইটে আপলোড করতে অনুরোধ করা হলেও অধিকাংশ সংস্থা তথ্য আপলোড করছেন না। ফলে একদিকে যেমন জেলার ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে, অপরদিকে সমন্বিত প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | ১.১ মাসিক এনজিও সমন্বয় সভায় স্ব স্ব সংস্থা প্রধানগণ আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন। যদি কোন অফিস প্রধান সভায় উপস্থিত থাকতে না পারেন সে ক্ষেত্রে পূর্বেই পত্রযোগে জানাতে হবে।<br><br>১.২ সকল সংস্থাকে www.dinajpurngos.com ওয়েবসাইট থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহপূর্বক স্ব স্ব ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। | সকল এনজিও, দিনাজপুর। |
| ০২ | এনজিও সমন্বয় সভায় প্রতিমাসে সকল সংস্থাকে তাদের কার্যক্রমের প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলেও তা নিয়মিত প্রেরণ করা হয় না। ফলে দাপ্তরিক কার্যক্রমে এক ধরণের স্থবিরতা দেখা যায় এবং তাদের কার্যক্রম সম্পর্কে পরিপূর্ণ ধারণা পাওয়া যায় না। উদ্ভূত সমস্যা থেকে পরিত্রাণ পেতে সকল সংস্থাকে তাদের কার্যক্রমের প্রতিবেদন পয়েন্ট আকারে সংক্ষিপ্ত ভাবে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোডসহ সংশ্লিষ্ট দপ্তরে আবশ্যিকভাবে দাখিল করার জন্য বিস্তারিত আলোচনা করা হয় । | ২.১ প্রতিটি সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে আপলোড করার জন্য অনুরোধ করা হয়।<br>২.২ প্রত্যেক এনজিওকে পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে জেলা প্রশাসক, দিনাজপুর, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর বরাবর পূর্ববর্তী মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে দাখিল নিশ্চিত করতে হবে। | সকল এনজিও, দিনাজপুর। |
| ০৩ | সভায় সকল উপজেলা নির্বাহী অফিসারকে নিয়মিত উপজেলা মাসিক এনজিও সমন্বয় সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর বরাবর নিয়মিত প্রেরণ অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত মাসিক উপজেলা এনজিও সমন্বয় সভার আয়োজনপূর্বক পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে প্রেরিত ছক পূরণসহ সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর। |
| ০৪ | সভাপতির নির্দেশক্রমে জনাব অমল কুমার দাম, ব্র্যাক জেলা সমন্বয়কারী, বাশেঁরহাট, সদর, দিনাজপুর সভায় কোভিড-১৯ করোনাকালীন সময়ে মহামারী মোকাবেলায় এনজিওদের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভায় ১৮টি এনজিওর তথ্য অনুযায়ী তাদের কার্যক্রমসহ ভিডিও চিত্র প্রতিবেদন আকারে উপস্থাপন করেন। সভাপতি সংস্থাটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সকল এনজিওকে করোনায় মাস্ক বিতরণ, জনগণকে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির বিষয়ে ভূমিকা পালনের জন্য অনুরোধ করা হয়। | সকল এনজিও, দিনাজপুর। |

চলমান পাতা-২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫ | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী রিসার্চ ইনিসিয়েটিভস বাংলাদেশ (রিইব), বালুবাড়ী, দিনাজপুর সদর, দিনাজপুর সংস্থাটির আরটিআই প্রকল্পের কার্যক্রম জনাব মোঃ সামিউল আলম, সভাপতি, আরটিআই এক্টিভিষ্ট গ্রুপ, দিনাজপুর সদর, দিনাজপুর পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে সভায় উপস্থাপন করেন। সংস্থাটির কার্যক্রম সন্তোষজনক হওয়ায় সভাপতি রিসার্চ ইনিসিয়েটিভস বাংলাদেশ (রিইব), বালুবাড়ী, দিনাজপুর সদর, দিনাজপুর সংস্থাটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | আগামী জানুয়ারি/২০২২ মাসে ওয়ার্ল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল), রাজাবাসর, পার্বতীপুর, দিনাজপুর সংস্থাটি তাদের কার্যক্রমের উপর প্রতিবেদন উপস্থাপন করবেন। | ওয়ার্ল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল), রাজাবাসর, পার্বতীপুর, দিনাজপুর। |
| ০৬ | সভায় বর্তমান করোনা পরিস্থিতির উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। করোনা ভাইরাসের সম্ভাব্য দ্বিতীয় পর্যায়ের সংক্রমন মোকাবেলার লক্ষ্যে সকল এনজিওকে সক্রিয় ভূমিকা রাখার জন্য সভায় পুনরায় অনুরোধ করা হয়। কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে সচেতনতা সৃষ্টিসহ হাত ধোয়া, ত্রাণ বিতরণ ও ১০০% মাস্ক ব্যবহার নিশ্চিতকল্পে প্রচার প্রচারনার ব্যবস্থা করার জন্য এনজিওগুলোকে পুনরায় অনুরোধ করা হয়। | সকল এনজিওকে করোনা ভাইরাসের সাম্প্রতিক করোনা সংক্রমনের উধ্বগতি ও দ্বিতীয় পর্যায়ের সংক্রমন রোধকল্পে কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে সক্রিয় ভাবে কাজ করতে হবে এবং হাত ধোয়াসহ ১০০% মাস্ক ব্যবহার নিশ্চিতকরনে কাজ করতে হবে। | সকল এনজিও, দিনাজপুর। |
| ০৭ | নিবাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর বিভাগ, দিনাজপুরের প্রতিবেদন অনুযায়ী দিনাজপুর জেলায় শতকরা ৯০ ভাগ স্যানিটেশন ও নিরাপদ পানি ব্যবহার কার্যক্রম সম্পন্ন হয়েছে। বাকী ১০ ভাগ জনগণের মধ্যে স্যানিটেশন ও নিরাপদ পানি ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে যে সকল এনজিও স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবস্থা সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করছেন তাদেরকে উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে ইউনিয়ন তথা গ্রাম পর্যায়ে সাধারণ মানুষ চিহ্নিত করে সচেতনতা সৃষ্টিমূলক কাজ করার জন্য সভায় পুনরায় আলোচনা করা হয়। | সকল এনজিওকে স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবস্থা সম্পর্কিত কার্যক্রম শতভাগ সম্পন্ন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। | সকল এনজিও, দিনাজপুর। |
| ০৮ | করোনাকালীন বিভিন্ন এনজিও কর্তৃক ত্রাণ বিতরণ ও সচেতনতামূলক কার্যক্রমের ছবি ও ভিডিও সংরক্ষণের জন্য এনজিওগুলোকে অনুরোধ করা হয়। পরবর্তীতে জেলা প্রশাসন কর্তৃক একটি পূর্ণাঙ্গ প্রকাশনা প্রকাশ করার জন্য এসব ডকুমেন্ট সংগ্রহ করা হবে বলে সভায় জানান হয়। | সকল এনজিওসমূহকে করোনা কালীন ত্রাণ বিতরণ ও সচেতনতামূলক কার্যক্রমের ছবি ও ভিডিও সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। | সকল এনজিও, দিনাজপুর। |
| ০৯ | সভায় রিসার্চ ইনিসিয়েটিভস বাংলাদেশ (রিইব), বালুবাড়ী, দিনাজপুর সদর, দিনাজপুরকে তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় তথ্য অধিকার আইনের বিষয়ে সাধারণ জনসাধারণের মাঝে প্রচার-প্রচারণা চালানোর উপর গুরুত্বারোপ করা হয়। | সংস্থাটিকে তথ্য অধিকার, ২০০৯ আইন বাস্তবায়নে সাধারণ জনগণকে আলোচনার মাধ্যমে জনসচেতনতা আরো বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | রিসার্চ ইনিসিয়েটিভস বাংলাদেশ (রিইব), বালুবাড়ী, সদর, দিনাজপুর |
| ১০ | সভায় সভাপতি এমএসডাবলু, হিজড়া সম্প্রদায়কে নিয়ে কাজ করার জন্য লাইট হাউজ এনজিও সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানান যে, অত্র জেলার ৬৩ (তেষট্টি) জন এমএসডাবলু, হিজড়াকে পুর্নবসানের লক্ষ্যে কাজ করছে। এর ফলে তারা স্বাভাবিক জীবন যাপন করায় সমাজে তাদের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাচ্ছে। সাধারণ জনগণের দৃষ্টিতে তাদের হেয়প্রতিপন্ন হতে হয় না। ফলে হিজড়াদের পুর্নবাসনের সংখ্যা আরও বাড়ানোর জন্য পুনরায় সভায় আলোচনা করা হয়। | যে সকল এনজিও এমএসডাবলু, হিজড়া সম্প্রদায়কে পুর্নবাসনের লক্ষ্যে কাজ করে তাদেরকে প্রতিমাসে কমপক্ষে ০৫ (পাঁচ) জন এমএসডাবলু হিজড়াকে পুর্নবাসনের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও, দিনাজপুর। |
| ১১ | মুজিববর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছেন "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না"। মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন মানুষের বাসস্থান নিশ্চিত করার জন্য কাজ করতে হবে। তাই যে সকল এনজিও গৃহহীন মানুষের বাসস্থান নিয়ে কাজ করছেন তাদেরকে সক্রিয় ভূমিকা রাখার জন্য সভায় পুনরায় আলোচনা করা হয়। | যে সকল এনজিও গৃহহীন মানুষের বাসস্থান নিয়ে কাজ করেন। তাদেরকে গৃহহীন মানুষের বাসস্থান করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। | সকল এনজিও, দিনাজপুর। |

চলমান পাতা-৩

| | | | |
|---|---|---|---|
| ১২ | এনজিওদের রাষ্ট্রীয় অনুষ্ঠানগুলোতে আবশ্যিক ভাবে উপস্থিতি এবং অংশ গ্রহণমূলক ভূমিকা পালনের জন্য সভায় আলোচনা করা হয়। | জাতীয় দিবস ও রাষ্ট্রীয় অনুষ্ঠানগুলোতে এনজিওদের আবশ্যিক ভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | সকল এনজিও, দিনাজপুর। |
| ১৩ | জেলায় শিশুশ্রমের সংখ্যা ইদানিং বেড়ে গেছে। শিশুরা পড়াশুনা না করে অর্থ উপার্জনের লক্ষ্যে বিভিন্ন ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত হচ্ছে। এছাড়া ভিক্ষাবৃত্তিসহ সন্ত্রাস জঙ্গীবাদ ও মাদকের সাথে শিশুরা জড়িয়ে পড়েছে। এনজিওগুলোকে এসব শিশু ও তাদের পরিবারের সদস্যদের নিয়ে কাজ করার জন্য অনুরোধ করা হয়। এনজিওগুলো যেহেতু মাঠপর্যায়ে হতদরিদ্রসহ সকল শ্রেণীর জনগণের সাথে কাজ করে তাই তাদের প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত পরিবারগুলোর তথ্য সংগ্রহ করে শিশুশ্রম হ্রাস, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদকের বিস্তাররোধ, সন্ত্রাস ও জঙ্গীবাদ রুখতে এনজিওগুলোকে অগ্রণী ভূমিকা পালন করতে পুনরায় অনুরোধ করা হয়। | এনজিওরা প্রত্যয়ন নেয়ার সময়<br>i. কোন সদস্য মাদক ব্যবসার সাথে জড়িত না।<br>ii. সদস্যদের পরিবারে বাল্য বিবাহ হয়নি।<br>iii. কেউ মাদক সেবন ও ব্যবসা করে না।<br>iv. সদস্যদের পরিবারের সকল শিশু স্কুলে যায় এবং<br>v. সদস্যদের পরিবারে শিশু শ্রমিক নেই এমন প্রত্যয়ন দাখিল করতে হবে।<br>পরবর্তীতে প্রত্যয়নের সত্যতা গ্রাম পুলিশের মাধ্যমে ক্রস চেক করা হবে। এ বিষয়ে গঠিত কমিটির সমন্বয়ক মোঃ শাহাদৎ হোসেন শাহ, সাধারণ সম্পাদক, ইউনিটি ফর এনজিও'স দিনাজপুর সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। | ১.সহকারী কমিশনার এনজিও বিষয়ক সেল, দিনাজপুর।<br>২. সকল এনজিও, দিনাজপুর।<br>৩.মোঃ শাহাদৎ হোসেন শাহ, সাধারণ সম্পাদক, ইউনিটি ফর এনজিও'স দিনাজপুর |
| ১৪ | জনাব মোঃ শাহাদৎ হোসেন শাহ, ভাইস চেয়ারম্যান, অনুঘটক সংস্থা দিনাজপুর ও সাধারণ সম্পাদক, ইউনিটি ফর এনজিও'স, দিনাজপুর সভায় সকল এনজিও এর উদ্দেশ্যে বলেন যার যার অবস্থা থেকে করোনা ভাইরাস এর বিষয়ে সতর্কতা অবলম্বনসহ সিভিল সার্জন, দিনাজপুর এ মাধ্যমে কাজ করার আহবান করেন। এ জেলার কিছু সংখ্যক শিশু স্কুলে লেখাপড়ার সময় বিভিন্ন কাজে নিজেকে নিয়োজিত রেখে অর্থ উপার্জন করে এবং ভিক্ষাবৃত্তি, বাল্য বিবাহ সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকের পথ বেছে নেয় । তাই যে সকল শিশু অভিভাবকহীন কিংবা যাদের অভিভাবক থাকলেও আর্থিকভাবে অসচ্ছল হওয়ায় টাকার অভাবে স্কুলে যেতে পারছেন না তাদেরকে স্কুলমুখি করার জন্য এবং বাল্য বিবাহ প্রতিরোধ, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকের অনুপ্রবেশ রোধে এবং মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির জন্য এবং যে সকল এনজিও ঋণ কার্যক্রম গ্রহণ করেন সে সকল এনজিওকে কোন ঋণ গ্রহীতা যেন ঋণের টাকা গ্রহণ করে বাল্য বিবাহ দিতে না পারে সে দিকে লক্ষ্য রাখার জন্য এবং চলমান শীতে জেলা প্রশাসনের মাধ্যমে শীত বস্ত্র বিতরণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।। | ১। সকল এনজিও এর উদ্দেশ্যে বলেন যার যার অবস্থা থেকে করোনা ভাইরাস এর বিষয়ে সতর্কতা অবলম্বনসহ সিভিল সার্জন, দিনাজপুর এর মাধ্যমে কাজ করার জন্য এবং যে সকল শিশু অভিভাবকহীন কিংবা যাদের অভিভাবক থাকলেও আর্থিকভাবে অসচ্ছল হওয়ায় টাকার অভাবে স্কুলে যেতে পারছেন না তাদেরকে স্কুলমুখি করার জন্য এবং বাল্য বিবাহ প্রতিরোধ, সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকের অনুপ্রবেশ রোধে ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।<br>২। সকল এনজিওকে কোন ঋণ গ্রহীতা যেন ঋণের টাকা গ্রহণ করে বাল্য বিবাহ দিতে না পারে সে দিকে লক্ষ্য রাখার জন্য এবং চলমান শীতে জেলা প্রশাসনের মাধ্যমে শীত বস্ত্র বিতরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সকল এনজিও, দিনাজপুর। |

সকল উপজেলা নির্বাহী অফিসারকে নিয়মিত এনজিওদের নিয়ে মাসিক মিটিং করার জন্য এবং জেলা পর্যায়ের অনুরুপ সিদ্ধান্ত আলোচনা সাপেক্ষে বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়। যে সকল এনজিও করোনা পরিস্থিতিতে দরিদ্র জনগোষ্ঠির মাঝে খাদ্য সামগ্রী, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ও অর্থ বিতরণের মাধ্যমে সহযোগিতার হাত বাড়িয়েছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

২৭/০২/২১

(খালেদ মোহাম্মদ জাকী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর।
০৫৩১-৬৫০০১
dcdinajpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
(এনজিও বিষয়ক সেল )
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০২৩.০৩.০২.১৮-৮৫ (১২০)

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৪। পুলিশ সুপার, দিনাজপুর।

৫। সিভিল সার্জন, দিনাজপুর।

৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও তথ্য প্রযুক্তি), দিনাজপুর।

৭। চেয়ারম্যান ...................... উপজেলা (সকল), দিনাজপুর।

৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।

৯। উপজেলা নিবার্হী অফিসার ....................................(সকল), দিনাজপুর।

১০। নিবার্হী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর।

১১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, দিনাজপুর।

১২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

১৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার,দিনাজপুর।

১৪। নিবার্হী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর।

১৫। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর।

১৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।

১৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।

১৮। নেজারত ডেপুটি কালেক্টর, দিনাজপুর।

১৯। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০। সভাপতি/সাধারণ সম্পাদক,ইউনিটি ফর এনজিও'স, দিনাজপুর।

২১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, দিনাজপুর।

২২। ..............................................................................................................
..............................................................................................................দিনাজপুর।

২৮/১২/২১

(মোঃ এমদাদুল হক শরীফ)
সহকারী কমিশনার
এনজিও বিষয়ক সেল
জেলা প্রশাসকের কার্যালয়
দিনাজপুর।

২৮/১২/২১

২১/১১/২০২১ ইং তারিখ দুপুর ৩-০০ ঘটিকায় দিনাজপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এনজিও বিষয়ক সমন্বয় সভায় উপস্থিত সদস্যগণের হাজিরার তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়, স্বাক্ষরের ক্রমানুসারে)।

**পরিশিষ্ট ''ক''**

| ক্রমিক নং | নাম ও পদবী সহ ঠিকানা | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রেজওয়ানুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর), দিনাজপুর। | ,, |
| ২ | ডাঃ মোঃ আব্দুল কুদ্দুস, সিভিল সার্জন, দিনাজপুর। | ,, |
| ৩ | জনাব মোঃ শরিফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর। | ,, |
| ৪ | জনাব মোঃ মুরাদ হোসেন, নির্বাহী প্রকৌশলী, জঃ স্বাঃ প্রঃ অঃ, দিনাজপুর। | ,, |
| ৫ | জনাব মোহাম্মদ নূর এ আলম, উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর। | ,, |
| ৬ | জনাব মাহমুদা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর। | ,, |
| ৭ | জনাব মর্তুজা আল মুঈন, উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর,দিনাজপুর। | ,, |
| ৮ | জনাব মোঃ রাফিউল আলম, উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট,দিনাজপুর। | ,, |
| ৯ | জনাব মোঃ আব্দুল কাদের, উপজেলা নিবার্হী অফিসার, বীরগঞ্জ,দিনাজপুর। | ,, |
| ১০ | জনাব আয়শা সিদ্দীকা, উপজেলা নিবার্হী অফিসার, চিরিরবন্দর,দিনাজপুর। | ,, |
| ১১ | জনাব রাশিদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা,দিনাজপুর। | ,, |
| ১২ | জনাব মনিরুল হাসান, উপজেলা নিবার্হী অফিসার, কাহারোল , দিনাজপুর। | ,, |
| ১৩ | জনাব পরিমল কুমার সরকার , উপজেলা নিবার্হী অফিসার, বিরামপুর ,দিনাজপুর। | ,, |
| ১৪ | জনাব ছন্দা পাল, উপজেলা নিবার্হী অফিসার, বোচাগঞ্জ ,দিনাজপুর। | ,, |
| ১৫ | জনাব মোঃ মোঃ রিয়াজ উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী,দিনাজপুর। | ,, |
| ১৬ | জনাব অনিমেষ সোম, উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ,দিনাজপুর। | ,, |
| ১৭ | জনাব নাশিদ কায়সার রিয়াদ, উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর,দিনাজপুর। | ,, |
| ১৮ | জনাব মোঃ এমদাদুল হক শরীফ, সহকারী কমিশনার, এনজিও বিষয়ক সেল, দিনাজপুর। | ,, |
| ১৯ | জনাব মোঃ মোর্শেদ আলী খান, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর। | ,, |
| ২০ | জনাব মোঃ আবু বক্কর সিদ্দীক, উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, দিনাজপুর। | ,, |
| ২১ | জনাব স্বপন কুমার রায় চৌধুরী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। | ,, |
| ২২ | জনাব মোঃ রাজিউর রহমান, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রক অধিদপ্তর, দিনাজপুর। | ,, |
| ২৩ | জনাব মোঃ আব্দুল হাকিম, সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, দিনাজপুর। | ,, |
| ২৪ | জনাব প্রকৌঃ মোঃ আইনুল হক, অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), দিনাজপুর। | ,, |
| ২৫ | জনাব মোঃ আমিন খান, সমন্বয়কারী, আফাআউস প্রধান কার্যালয়, রাজবাটী, দিনাজপুর। | |
| ২৬ | জনাব মোঃ আব্দুল মান্নান, এরিয়া ম্যানেজার, বেইস মিতালী, বীরগঞ্জ, দিনাজপুর। | ,, |
| ২৭ | জনাব ইফতেখার-উল-হাসান, এ্যাডমিন ম্যানেজার, গুডনেইবারস বাংলাদেশ, বীরগঞ্জ সিডিপি, দিনাজপুর। | ,, |
| ২৮ | জনাব মি. লরেন্স ঢালী, সিনিয়র অফিসার (সিডিপি এডমিন) বোচাগঞ্জ, দিনাজপুর। | ,, |
| ২৯ | জনাব কল্যানী রানী, অঞ্চল সমন্বয়ক, নিজেরা করি, পাকেরহাট খানসামা, দিনাজপুর। | ,, |
| ৩০ | জনাব মোঃ মোজাফ্ফর হোসেন, নির্বাহী পরিচালক, সমাজ উন্নয়ন প্রশিক্ষন কেন্দ্র, সদর,দিনাজপুর। | ,, |
| ৩১ | জনাব চঞ্চল কুমার সাহা, কোর্ডিনেটর, লেপ্রা বাংলাদেশ, দিনাজপুর। | ,, |
| ৩২ | জনাব অরবিন্দ সিলভেস্টার গমেজ, এরিয়া প্রোগ্রাম ক্লাস্টার ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, সদর, দিনাজপুর। | ,, |
| ৩৩ | জনাব গৌরাংগ চক্রবর্তী, প্রজেক্ট ম্যানেজার, বেইজ মিতালী,প্রিস্কুল এডুকেশন প্রজেক্ট,বীরগঞ্জ,দিনাজপুর। | ,, |
| ৩৪ | জনাব হীরালাল সরকার, সুপার ভাইজার, দি লেপ্রসী মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, দিনাজপুর। | ,, |

| | | |
|---|---|---|
| ৩৫ | জনাব নিকোলাও মেরেজে, প্রজেক্ট ম্যানেজার, এ্যাডরা বাংলাদেশ, বালুবাড়ী, দিনাজপুর। | ’’ |
| ৩৬ | জনাব এনোস সরেন, পিআরও,ওয়ার্ল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল), পাবর্তীপুর, দিনাজপুর। | ’’ |
| ৩৭ | জনাব হান্না রায়,, এডমিন অফিসার, এডেরা বাংলাদেশ, বালুবাড়ী, দিনাজপুর। | ’’ |
| ৩৮ | জনাব বিলকিস আরা ফয়েজ, সাঃ সম্পাদক, প্রতিবন্ধি বিদ্যালয় ও পূনবাসন সংস্থা, বালুবাড়ী, দিনাজপুর। | ’’ |
| ৩৯ | জনাব মোঃ শাহাদৎ হোসেন শাহ্, ভাইস চেয়ারম্যান, অনুঘটক সংস্থা ও সাধারণ সম্পাদক, ইউনিটি ফর এনজিও’স, দিনাজপুর সদর, দিনাজপুর। | ’’ |
| ৪০ | জনাব অমল কুমার দাস, ব্র্যাক জেলা সমন্বয়কারী , বাশেঁরহাট, দিনাজপুর সদর, দিনাজপুর। | ’’ |
| ৪১ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক, রামনগর, সদর, দিনাজপুর। | ’’ |
| ৪২ | জনাব অতুল চন্দ্র রায়, সমন্বয়ক, দীপশিখা, সুইহারী, সদর, দিনাজপুর। | ’’ |
| ৪৩ | জনাব অসিত চৌকিদার, প্রকল্প ব্যবস্থাপক, বিওয়াইএফসি, বিরামপুর, দিনাজপুর। | ’’ |
| ৪৪ | জনাব ইষ্টের আলপনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, উত্তর বংগ শিশু উন্নয়ন প্রকল্প, (কম্প্যাশন) সদর, দিনাজপুর। | ’’ |
| ৪৫ | জনাব ঝুনু আকতার, ম্যানেজার, লাইট হাউজ, বালুবাড়ী, সদর, দিনাজপুর। | ’’ |
| ৪৬ | জনাব মোঃ কামরুজ্জামান, জেলা সমন্বয়কারী, ডেমক্রেসিওয়াচ, দিনাজপুর। | ’’ |
| ৪৭ | জনাব সুব্রত কুমার দাস, প্রকল্প ব্যবস্থাপক, কাম-টু-সেভ, ভূষিরবন্দর, চিরিরবন্দর, দিনাজপুর। | ’’ |
| ৪৮ | জনাব মোঃ জিয়াউল ইসলাম, আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন সংস্থা, দিনাজপুর অঞ্চল, সদর, দিনাজপুর। | ’’ |
| ৪৯ | জনাব আব্দুল হামিদ, নির্বাহী পরিচালক, এম এন ডি এফ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ’’ |
| ৫০ | জনাব রঞ্জন রোজারিও, আঞ্চলিক পরিচালক, কারিতাস বাংলাদেশ, পঃ শিবরাপুর, সদর, দিনাজপুর। | ’’ |
| ৫১ | জনাব মোঃ কামরুজ্জামান রানা, বিভাগীয় কো-অর্ডিনেটর, রুপান্তর, রংপুর। | ’’ |
| ৫২ | জনাব মোঃ সেলিম মন্ডল, শাখা ব্যবস্থাপক, বন্ধন, বিরামপুর, দিনাজপুর। | ’’ |
| ৫৩ | জনাব মোঃ মতিউর রহমান, সিনিয়র প্রোগ্রাম অফিসার, রিইব, ঢাকা। | ’’ |
| ৫৪ | জনাব মর্জিনা রুপা, প্রকল্প সমন্বয়কারী, জে এস কে এস, ঝানজিরাহাট, দিনাজপুর সদর, দিনাজপুর। | ’’ |
| ৫৫ | জনাব মুর্শিদা ইসলাম, সার্ভিস প্রমোটর, মেরী স্টোপস ক্লিনিক, বালুবাড়ী, দিনাজপুর সদর, দিনাজপুর। | ’’ |
| ৫৬ | জনাব মোঃ রবিউল ইসলাম, সেডিএম, ব্রীফ, খানসামা, দিনাজপুর। | ’’ |
| ৫৭ | জনাব মোঃ ফরিদুল বশির, ব্রাঞ্চ ম্যানেজার, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), দিনাজপুর। | ’’ |
| ৫৮ | জনাব মোঃ সাজেদুর রহমান, ব্যবস্থাপক প্রশাসন, গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল, দিনাজপুর। | ’’ |
| ৫৯ | জনাব সম্রাট ব্যাপারী, প্রোগ্রাম ম্যানেজার, বিওয়াইএফসি, বীরগঞ্জ, দিনাজপুর। | ’’ |
| ৬০ | জনাব সাবিনা ইয়াসমিন, এডমিন অফিসার, বহুব্রীহি, ভূষিরবন্দর, চিরিরবন্দর, দিনাজপুর। | ’’ |
| ৬১ | জনাব ডাঃ মোঃ হুমায়ুন কবীর, ম্যানেজার, পার্বতীপুর গণস্বাস্থ্য কেন্দ্র, পার্বতীপুর, দিনাজপুর। | ’’ |
| ৬২ | জনাব মোঃ শাহিনুর ইসলাম, সমন্বয়ক, পরিবার পরিকল্পনা সমিতি, (এফপিএবি), সদর, দিনাজপুর। | ’’ |
| ৬৩ | জনাব পিনাক পানি রায়, স্টাফ ল’ইয়ার, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাষ্ট(ব্লাষ্ট), দিনাজপুর। | ’’ |
| ৬৩ | জনাব আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক (টিআইবি) বালুবাড়ী, সদর, দিনাজপুর। | ’’ |
| ৬৪ | জনাব আতিক ইকবাল, এনজিও লিয়াজো অফিসার, কাঞ্চন সমিতি, সদর, দিনাজপুর। | ’’ |
| ৬৫ | জনাব আবু হেনা মোস্তফা কামাল, প্রধান নির্বাহী, সান ফ্লাওয়ার সংস্থা, ঈদগাহ আ/এ, সদর, দিনাজপুর। | ’’ |
| ৬৬ | জনাব মোঃ রশিদুল হক, আঞ্চলিক ম্যানেজার, এনজিও ফোরাম ফর পাবলিক হেল্থ, দিনাজপুর। | ’’ |
| ৬৭ | জনাব বিধান চন্দ্র রায়, প্রধান নিরীক্ষক, আলোহা সোসাল সার্ভিসেস বাংলাদেশ, বালুবাড়ী,দিনাজপুর। | ’’ |
| ৬৮ | জনাব তপন কুমার রায়, প্রোগ্রাম ম্যানেজার, দিনাজপুর পল্লী উন্নয়ন প্রচেষ্টা (ডিপিইউপি),রাজবাটী, দিনাজপুর। | ’’ |
| ৬৯ | জনাব মুর্শেদা পারভীন মলি, অফিসার, এমবিএকে, বালুবাড়ী, সদর, দিনাজপুর। | ’’ |
| ৭০ | জনাব মোঃ শামসুল আলম, কেডিট ম্যানেজার, নর্দান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন(এনডিএফ),সদর,দিনাজপুর। | ’’ |
| ৭১ | জনাব সাবেকুন নাহার, বি এস ডি এ, কম্পিউটার অপারেটর, ঈদগাহ আ/এ, সদর, দিনাজপুর। | ’’ |

| | | |
|---|---|---|
| ৭২ | জনাব মোঃ রিফাত হাসান, প্রজেক্ট অফিসার, সিনজেনটা ফাউন্ডেশন, বীরগঞ্জ, দিনাজপুর। | ,, |
| ৭৩ | জনাব আফতাফ উদ্দিন, জেলা ম্যানেজার, আশা, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৭৪ | জনাব মোঃ আমিনুল হক, এপিসি, ইএসডিও, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৭৫ | জনাব দিলীপ রায়, ম্যানেজার, কম্প্যাশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৭৬ | জনাব মোঃ আবু সাঈদ মিয়া, শাখা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ, নিউটাউন-২, সদর, দিনাজপুর। | ,, |
| ৭৭ | জনাব মোঃ মনিরুল ইসলাম, আঞ্চলিক ব্যবস্থাপক, আর ডি আর এস, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৭৮ | জনাব নরেন্দ্র নাথ পাঠান, সুপারভাইজার, ব্যাপ্টিষ্ট এইড, বোচাগঞ্জ, দিনাজপুর। | ,, |
| ৭৯ | জনাব তপন কান্তি দে, উপ-পরিচালক, সিডিএ , দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮০ | জনাব আসমা আখতার, স্কুল পরিদর্শক, মানব কল্যাণ পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮১ | জনাব উইলসন সরেন, প্রোগ্রাম ম্যানেজার, নুর মিশন বাংলাদেশ, সদর, দিনাজপুর। | ,, |
| ৮২ | জনাব ধর্ম নারায়ন বিশ্বাস, এ্যাডমিন অফিসার, বিএসডিএ, সদর, দিনাজপুর। | ,, |
| ৮৩ | জনাব মোঃ জাহাংগীর আলম, সাব-ডিআইসি ইনচার্জ, ফকিরপাড়া, সদর, দিনাজপুর। | ,, |
| ৮৪ | জনাব মোঃ ময়নুল হক, সহকারী পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, দিনাজপুর। | ,, |
| ৮৫ | জনাব মোস্তফা কামাল, নির্বাহী পরিচালক, জে এস কে এস, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮৬ | জনাব শাহ আহসান হাবিব, নির্বাহী পরিচালক, ব্রীফ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮৭ | জনাব মোঃ আফতাব উদ্দিন, িস্ট্রক্ট ম্যানেজার, আশা, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮৮ | জনাব মোঃ সামিউল আলম, ম্যানেজার, রিইব, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৮৯ | জনাব মোঃ মনিরুল ইসলাম, আঞ্চলিক ব্যবস্থাপক, আর ডি আর এস, সদর, দিনাজপুর। | ,, |
| ৯০ | জনাব যোসেফ মিনজ, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এনডিএফ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৯১ | জনাব ফরিদা বেগম, নির্বাহী পরিচালক, গ্রাম উন্নয়র প্রচেষ্টা, পাহাড়পুর, সদর, দিনাজপুর। | ,, |
| ৯২ | জনাব মোহন মুর্মু, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |
| ৯৩ | জনাব মোঃ আব্দুর রসিদ, এরিয়া ম্যানেজার, টি এম এস এস, দিনাজপুর সদর, দিনাজপুর। | ,, |

পরিশিষ্ট ''খ''

অনুপস্থিত সদস্যগণের তালিকা

| ক্রমিক নং | সংস্থার নাম | ক্রমিক নং | সংস্থার নাম |
|---|---|---|---|
| ১ | প্রয়াস | | |
| ২ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র | | |
| ৩ | এসসিডিএফ | | |
| ৪ | আর এইচ স্টেপস | | |
| ৫ | এমকেপি | | |
| ৬ | দি গেস্নকো ফাউন্ডেশন | | |
| ৭ | রিইব | | |
| ৮ | সুপথ | | |
| ৯ | বিএমএসএস | | |
| ১০ | এনজিও ফোরাম | | |